

২০. চেয়ারম্যান (উ.স্ব)
Refiant
২২/০৫/১৯

যুগ্মসচিব
নির্বাচন কমিশন সচিবালয়

ও

রিটার্নিং অফিসারের কার্যালয়

জাতীয় সংসদের ০১টি সংরক্ষিত মহিলা আসনের নির্বাচন-২০১৯

নির্বাচন কমিশন সচিবালয়


নির্বাচন ভবন, আগারগাঁও, ঢাকা

নং-১৭.০০.০০০০.০২৩.৩৬.০০১.১৯-২৯

তারিখ: ১৫ জ্যৈষ্ঠ ১৪২৬
২৯ মে ২০১৯

বিজ্ঞপ্তি

জাতীয় সংসদের ৫০টি সংরক্ষিত মহিলা আসনের মধ্যে ৪৯টি আসনে বিনা প্রতিদ্বন্দ্বিতায় ৪৯ জন সংরক্ষিত মহিলা আসনে “সংসদ সদস্য” নির্বাচিত হওয়ার গেজেট ১৭ ফেব্রুয়ারি ২০১৯ তারিখে প্রকাশিত হয়। অবশিষ্ট ০১টি সংরক্ষিত মহিলা আসনের (যা বাংলাদেশ জাতীয়তাবাদী দল-বি.এন.পি এর অনুকূলে বন্টনকৃত) নির্বাচন উপলক্ষে মনোনয়নপত্র দাখিলের সময়সীমা ছিল ২০ মে ২০১৯ তারিখ সোমবার সকাল ৯.০০ টা হতে বিকাল ৫.০০ টা পর্যন্ত। উল্লিখিত সময়ের মধ্যে বাংলাদেশ জাতীয়তাবাদী দল-বি.এন.পি এর মনোনীত প্রার্থী রুমিন ফারহানা এর মনোনয়নপত্র দাখিল হয়। দাখিলকৃত মনোনয়নপত্র পূর্ব ঘোষিত সময়সূচি অনুসারে ২১ মে ২০১৯ তারিখে বাছাই করতঃ ০১ জনের মনোনয়নপত্রই গৃহীত হওয়ায় ২২ মে ২০১৯ তারিখে বৈধভাবে মনোনীত প্রার্থীর নামের তালিকা প্রকাশ করা হয়। প্রার্থিতা প্রত্যাহারের জন্য নির্ধারিত সময় ২৮ মে ২০১৯ তারিখ বিকাল ৫.০০ টার মধ্যে প্রার্থী তাঁর প্রার্থিতা প্রত্যাহার না করায় জাতীয় সংসদ (সংরক্ষিত মহিলা আসন) নির্বাচন আইন, ২০০৪ এর ধারা ১২ এর উপ-ধারা (২) অনুসারে তফসিলে উল্লিখিত ০১(এক) জনকে বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত ঘোষণা করা হলো।


(মোঃ আবুল কাসেম)
যুগ্মসচিব

নির্বাচন ব্যবস্থাপনা-১ অনুবিভাগ
নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা

ও

রিটার্নিং অফিসার

জাতীয় সংসদের ০১টি সংরক্ষিত মহিলা আসনের নির্বাচন-২০১৯

ফোনঃ ৫৫০০৭৫১৭

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
- ২। অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
- ৩। যুগ্মসচিব (নির্বাচন ব্যবস্থাপনা-২), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
- ৪। সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
- ৫। যুগ্মসচিব (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [সংবাদ বিজ্ঞপ্তি প্রকাশ করার অনুরোধসহ]
- ৬। উপসচিব (সাধারণ সেবা অধিশাখা), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [নোটিশ বোর্ডসহ প্রকাশ্য স্থানে টাঙ্কিয়ে প্রকাশ করার জন্য]
- ৭। মাননীয় প্রধান নির্বাচন কমিশনার-এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৮। মাননীয় নির্বাচন কমিশনার জনাব -এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)

তফসিল


জাতীয় সংসদে ৫০টি সংরক্ষিত মহিলা আসনের অবশিষ্ট ০১টি সংরক্ষিত মহিলা আসনের নির্বাচনে বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত প্রার্থীর তালিকা

[ধারা ১২(২) দ্রষ্টব্য]

আমি ঘোষণা করছি যে, নিম্নবর্ণিত প্রার্থী একাদশ জাতীয় সংসদের সংরক্ষিত মহিলা আসনে সংসদ সদস্য পদে
বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত হয়েছেন:

রাজনৈতিক দল/জোটের নাম: বাংলাদেশ জাতীয়তাবাদী দল-বি.এন.পি

ক্রমিক নং	প্রার্থীর নাম	পিতা/স্বামীর নাম	ঠিকানা
১.	রুমিন ফারহানা	পিতা-অলি আহাদ	বাসাঃ ৫৫/১, “দক্ষিণ” ফ্লাট নং ৩/এ, ল্যাবরেটরী রোড, গ্রাম/রাস্তাঃ নিউ এলিফ্যান্ট রোড, ডাকঘরঃ নিউমার্কেট-১২০৫, নিউমার্কেট, ঢাকা


(মোঃ আবুল কাসেম) ২২/৩/১৯

যুগ্মসচিব

নির্বাচন ব্যবস্থাপনা-১ অনুবিভাগ
নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা

ও

রিটার্নিং অফিসার

জাতীয় সংসদের ০১টি সংরক্ষিত মহিলা আসনের নির্বাচন-২০১৯

ফোনঃ ৫৫০০৭৫১৭